



## ব্ল্যাকমেইল ও মামলা বাণিজ্যের অভিযোগে গ্রেপ্তার জুলাই যোদ্ধা তাহরিমা



সংগৃহীত ছবি

সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচিত ‘জুলাই যোদ্ধা’ তাহরিমা জাম্মাত সুরভীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গাজীপুরের টঙ্গী থেকে মধ্যরাতে তাকে আটক করা হয়।

ব্ল্যাকমেইল, প্রতারণা ও সংঘবদ্ধ চাঁদাবাজি চক্র পরিচালনার অভিযোগে তার বিরুদ্ধে তদন্ত চলছে।

বুধবার (২৪ ডিসেম্বর) মধ্যরাতে তাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গাজীপুরের টঙ্গী এলাকার নিজ বাসা থেকে তাকে আটক করা হয়।

পুলিশ সূত্র জানায়, ব্ল্যাকমেইলিং, মামলা বাণিজ্য এবং প্রতারণার অভিযোগে পরিচালিত একটি সংঘবদ্ধ চক্রের নেতৃত্বে ছিলেন তাহরিমা। সম্প্রতি গুলশানের এক ব্যবসায়ীকে জুলাই আন্দোলন সংশ্লিষ্ট মামলায় ফাঁসানোর ভয় দেখিয়ে প্রায় আড়াই কোটি টাকা আদায়ের অভিযোগ পাওয়া যায়। তদন্তে উঠে আসে, এই অর্থ আদায়ের পেছনে সক্রিয় ছিল তাহরিমার নেতৃত্বাধীন একটি প্রতারক চক্র।

প্রাথমিক অনুসন্ধানে পুলিশ আরও জানতে পেরেছে, চক্রটি দীর্ঘদিন ধরে ব্ল্যাকমেইল ও চাঁদাবাজির মাধ্যমে বিভিন্ন ব্যক্তি ও ব্যবসায়ীর কাছ থেকে মোটামুটি ৫০ কোটি টাকার মতো অর্থ হাতিয়ে নিয়েছে বলে ধারণা করা হচ্ছে।

তাহরিমা জাম্মাত সুরভী গাজীপুরের ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের শিক্ষার্থী। সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল ভিডিও, বিতর্কিত কর্মকাণ্ড এবং নির্দিষ্ট ব্যক্তিকে লক্ষ্য করে লাইভ প্রচারের মাধ্যমে তিনি পরিচিতি পান। অভিযোগ রয়েছে, এই পরিচিতিতে কাজে লাগিয়ে তিনি প্রভাবশালী ব্যক্তিদের সঙ্গে সম্পর্ক গড়ে তুলতেন এবং সেটিই প্রতারণার মাধ্যম হিসেবে ব্যবহার করতেন।

পুলিশ জানিয়েছে, গ্রেপ্তারের পর তাহরিমাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে এবং চক্রের অন্যান্য সদস্যদের শনাক্তে অভিযান অব্যাহত রয়েছে।